অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আগস্ট মাসে বাড়তি খাদ্য সহায়তার জন্য গভর্নর হোকলের 234 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

সব SNAP পরিবার আগস্ট মাসে সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে

সম্পূরক খাদ্য সহায়তা নভেম্বর মাস পর্যন্ত অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program) তালিকাভুক্ত সব নিউ ইয়র্কবাসী আগস্ট মাসে অনুমোদিত সর্বোচ্চ পরিমাণ খাদ্য সহায়তা লাভ করবে। SNAP-এ অংশগ্রহণকারী সব পরিবার — যারা ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার বেনিফিট পাচ্ছেন তারা সহ — এমাসে সম্পূরক বরাদ্দ লাভ করবে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রায় 234 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল নিয়ে আসবে।

"কোনো নিউ ইয়র্কবাসীর তাদের পরিবারের জন্য পর্যাপ্ত খাবার যোগান দিতে না পারার মতো অবস্থার সম্মুখীন হওয়া উচিত নয়," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বাড়তি বেনিফিট কোভিড-19 মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধার অব্যাহত থাকার এই সময়ে এখনো নিত্যদিনের খাবারের যোগান দিতে সংগ্রামে লিপ্ত হাজার হাজার ব্যক্তি ও পরিবারের এই উদ্বেগ দূর করতে সাহায্য করবে।"

যারা সাধারণভাবে SNAP-এ প্রতি মাসে সর্বোচ্চ পরিমাণে অনুমোদিত সুবিধা পেয়ে থাকেন তারা সহ এই জরুরি সম্পূরক সহায়তা সব পরিবারকে প্রদান করা হবে, এটি নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক তত্ত্বাবধানকৃত ফেডারেল অর্থায়নে পরিচালিত একটি কর্মসূচি। যেসব পরিবার ইতোমধ্যে সর্বোচ্চ মাত্রার সুবিধার কাছাকাছি বা সেই স্তরে রয়েছে - চার সদস্যের একটি পরিবারের জন্য 835 ডলার - তারা কমপক্ষে 95 ডলারের সম্পূরক পেমেন্ট পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের সব কাউন্টির SNAP পরিবারগুলো আজ থেকে শুক্রবার, 19 আগস্টের মধ্যে এসব সুবিধা পোস্ট হতে দেখবেন। নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাঁচটি কাউন্টির SNAP পরিবারগুলো মঙ্গলবার, 16 আগস্ট থেকে সোমবার, 29 আগস্টের মধ্যে তাদের সুবিধাগুলো পোস্ট হতে দেখবেন।

2020 সালের এপ্রিল থেকে OTDA সর্বোচ্চ মাসিক পরিমাণের চেয়ে কম সুবিধা পাওয়া SNAP পরিবারগুলোকে জরুরি সম্পূরক সুবিধা প্রদান করা শুরু করেছে। 2021 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের জরুরি অবস্থা ঘোষণার মেয়াদ শেষ হওয়ার পর, জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার বিষয়ে ফেডারেল ঘোষণার মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত সংস্থাটি সকল SNAP পরিবারের জন্য সর্বোচ্চ বরাদ্দ নিশ্চিত করতে ফেডারেল সরকারের সাথে সফলভাবে কাজ করেছে, যে মেয়াদ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়েছিল এবং এসব বেনিফিট নভেম্বর পর্যন্ত ইস্যু করা অব্যাহত রাখতে OTDA-কে সক্ষম করবে বলে আশা করা হচ্ছে।

এই বসন্তে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর উপর ব্যাপকভাবে নির্ভর করছে, যেখানে জুন মাসে স্টেটজুড়ে 2.8 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী সহ 1.6 মিলিয়নেরও বেশি পরিবার এই কর্মসূচিতে তালিকাভুক্ত হয়েছে। যদিও মে মাস থেকে স্টেটজুড়ে SNAP গ্রহীতাদের সংখ্যা কিছুটা কমে গিয়েছিল, 2021 সালের জুন মাসের তুলনায় এই সংখ্যা 1.4 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা এসব অতি গুরুত্বপূর্ণ বেনিফিটের অব্যাহত চাহিদা নির্দেশ করে।

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া কোনো পরিবারের উপর এসব সর্বোচ্চ বেনিফিট যে প্রভাব রাখতে পারে তাকে উপেক্ষা করার কোনো সুযোগ নেই। এসব বেনিফিট সংগ্রামে লিপ্ত ব্যক্তি ও পরিবারগুলোর জন্য নিত্যদিনের খাবার যোগাড় করতে এবং পরিবারের জন্য পুষ্টিকর খাবারের ব্যবস্থা করতে ব্যবহার করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ নিয়ামক প্রদান করে।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "আমাদের স্টেট ও দেশজুড়ে কমিউনিটিগুলোতে দেখা দেওয়া ক্ষুধার মহামারীর বিরুদ্ধে লড়াই করার জন্য SNAP আমাদের সবচেয়ে কার্যকর হাতিয়ার। নিউ ইয়র্কজুড়ে অভাবী পরিবারগুলোর জন্য খাদ্য সহায়তা জোরদার করতে সাহায্য করার জন্য বাড়তি জরুরি তহবিল বরাদ্দ দেওয়ার আজকের ঘোষণার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। আমাদের কমিউনিটিগুলো ও অর্থনীতি সেরে উঠা অব্যাহত থাকার এই চ্যালেঞ্জিং সময়ে অধিবাসীরা যাতে তাদের পরিবারের জন্য খাবারের যোগান দিতে গিয়ে আর কোনো প্রতিবন্ধকতার সম্মুখীন না হয় সে বিষয়টি নিশ্চিত করতে আমাদের চলমান প্রচেষ্টায় SNAP বেনিফিট অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

নিউ ইয়র্কের চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রে SNAP একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং জানুয়ারি মাস থেকে স্টেটের অর্থনীতিতে 1.2 বিলিয়ন ডলারেরও বেশি যোগ করেছে। যুক্তরাষ্ট্রের অর্থনীতির উপর SNAP-এর প্রভাব নির্ণয়ের জন্য পরিচালিত একটি ফেডারেল গবেষণা অনুযায়ী SNAP-এর বিনিয়োগ করা প্রত্যেক ডলার 1.54 ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্রিয়াকলাপ সৃষ্টি করে থাকে।

এছাড়াও এসব বেনিফিট অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন হিসেবে কাজ করে, কারণ সাম্প্রতিক একটি গবেষণার তথ্যমতে গত বছর স্টেটের জনসংখ্যার 14 শতাংশ SNAP বেনিফিটের উপর নির্ভরশীল ছিল। গ্রহীতা পরিবারগুলোর মধ্যে অর্ধেকেরও

বেশি সংখ্যক পরিবারে শিশুরা ছিল এবং প্রায় 48 শতাংশ পরিবারে 55 বছরের বেশি বয়সী অথবা একজন প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তি ছিল।

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বিদ্যমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা তাদের বিদ্যমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যাবে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূরক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। তালিকাভুক্ত হতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা visiting mybenefits.ny.gov ওয়েবসাইটে ভিজিট করে SNAP-এর জন্য তাদের উপযুক্ততা চেক করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418